

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো
এফএ এন্ড এমআইএস
পরিসংখ্যান ভবন
ই-২৭/এ, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.bbs.gov.bd

নং ৫২.০১.০০০০.১০১.৩১.৯৪৪.১৬- ৪৭ ৫৫


তারিখঃ ০৬/১০/১৪ ১৪২৬ বঙ্গাব্দ
২২/অক্টোবর-২০১৬ খ্রিস্টাব্দ

বিষয়ঃ প্রতিবন্ধীদের সহায়তায় সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থায় খাবার পানি হিসাবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন মৈত্রী শিল্প ফ্যাক্টরীতে প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত “মুক্ত ব্রান্ডের খাবার পানির বোতল” ব্যবহারের বিষয়ে সচিবগণ সচেত হবেন।

সূত্রঃ পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সচিব মহোদয়কে লেখা মন্ত্রিপরিষদ সচিব মহোদয়ের আধাসরকারী পত্র সংখ্যা ০৪.০০.০০০০.৭১২.০৬.০১০.১৬(০১)-১২১, তারিখ: ২৩ অগ্রহায়ণ ১৪২৩/০৭ ডিসেম্বর ২০১৬।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ আধাসরকারী পত্রের ছায়ািলপি এতদসঙ্গে প্রেরণ করা হলো। গত ২৮ নভেম্বর ২০১৬ তারিখ অনুষ্ঠিত সচিব সভার সিদ্ধান্ত (ঝ) “প্রতিবন্ধীদের সহায়তায় সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থায় খাবার পানি হিসাবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন মৈত্রী শিল্প ফ্যাক্টরীতে প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত “মুক্ত ব্রান্ডের খাবার পানির বোতল” ব্যবহারের বিষয়ে সচিবগণ সচেত হবেন” এর প্রেক্ষিতে মহাপরিচালক, বিবিএস মহোদয়ের সদয় নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর সকল অফিসে “মুক্ত ব্রান্ডের খাবার পানির বোতল” ব্যবহারের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) সিট।


মোঃ মনিরুজ্জামান
পরিচালক (যুগ্ম-সচিব)
ফোনঃ ৮১২৯১৫৮
E-mail: monirdirector@yahoo.com

বিতরণঃ সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে

- (১) পরিচালক (সকল) উইং, বিবিএস, ঢাকা।
- (২) প্রকল্প পরিচালক (সকল).....
প্রকল্প, বিবিএস, ঢাকা।
- (৩) যুগ্ম-পরিচালক, বিভাগীয় পরিসংখ্যান কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/রংপুর/সিলেট/
ময়মনসিংহ (প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)।
- (৪) উপ-পরিচালক (সকল), জেলা পরিসংখ্যান কার্যালয়,(প্রয়োজনীয়
ব্যবস্থা গ্রহণের অনুরোধ সহ)।
- (৫) উপপরিচালক (প্রশাসন/ফিল্ড/সমন্বয়/উন্নয়ন/বিনিক/আরডিপি), এফএ এন্ড এমআইএস, বিবিএস, ঢাকা।
- (৬) প্রোগ্রামার, ওয়েব সাইট শাখা, বিবিএস, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- (৭) মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- (৮) উপ-মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বিবিএস, পরিসংখ্যান ভবন, আগারগাঁও, ঢাকা।
- (৯) আয়ন ও ব্যয়ন কর্মকর্তা, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, ঢাকা।

- (ক) প্রতিবন্ধীদের সহায়তায় সকল মন্ত্রণালয়/বিভাগ ও এর আওতাধীন সংস্থায় খাবার পানি হিসাবে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের আওতাধীন মৈত্রী শিল্প ফ্যাক্টরিতে প্রতিবন্ধীদের দ্বারা উৎপাদিত 'মুক্তা ব্রান্ডের খাবার পানির বোতল' ব্যবহারের বিষয়ে সচিবগণ সচেতন হবেন;
- (ঙ) মন্ত্রিসভা কমিটিসহ অন্যান্য গুরুত্বপূর্ণ নীতি নির্ধারনী সভায় আমন্ত্রিত কর্মকর্তা ব্যতীত সচিবগণ অন্য কোন কর্মকর্তাকে অংশগ্রহণ করা থেকে বিরত রাখবেন;
- (জ) বিভাগীয় কমিশনার, সিলেট কর্তৃক উদ্ভাবিত Co-ordinated Development Initiative (CDI) সিলেটসহ অন্যান্য বিভাগে বাস্তবায়নের ক্ষেত্রে CDI-এর বিভিন্ন Component (Education, Immunization, Contraception, Nutrition, Sanitation, Social Safety net Program for Vulnerable Group, Electrification, Pure Drinking Water, Identification of Homeless Family)-এর সঙ্গে সংশ্লিষ্ট শিক্ষা মন্ত্রণালয়, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, সমাজ কল্যাণ মন্ত্রণালয়, বিদ্যুৎ বিভাগ, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়, স্থানীয় সরকার বিভাগ, পল্লী উন্নয়ন ও সমবায় বিভাগ প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করবে;
- (ঝ) ৩৫ তম বিসিএস-এর নন ক্যাডার শূন্য পদসমূহ পূরণের লক্ষ্যে সচিব, সরকারি কর্মকমিশন কর্তৃক প্রেরিত আধা সরকারি পত্রের চাহিদা মোতাবেক সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগ জরুরি ভিত্তিতে এর আওতাধীন দপ্তর/সংস্থার শূন্য পদের প্রস্তাব প্রেরণ করবে;
- (ঞ) বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের আওতাধীন সরকারি সংস্থার অপরিশোধিত ভূমি উন্নয়ন কর পরিশোধের নিমিত্ত সরকারি সংস্থাসমূহের অনুকূলে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ প্রদানের জন্য অর্থ বিভাগ উদ্যোগ গ্রহণ করবে;
- (ট) অবসরপ্রাপ্ত সচিবগণের তথ্য সংরক্ষণ এবং অবসর পরবর্তী সময়ে বিভিন্ন প্রশাসনিক সুবিধাদি এবং রাষ্ট্রীয় বিভিন্ন অনুষ্ঠানে তাঁদের আমন্ত্রণের লক্ষ্যে ডাটা বেজ তৈরি এবং একটি কল্যাণ ডেস্ক স্থাপনের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয় উদ্যোগ গ্রহণ করবে;
- (ঠ) মাননীয় প্রধানমন্ত্রীর উপস্থিতিতে সচিব সভা আয়োজনের লক্ষ্যে সচিবগণ উপস্থাপনযোগ্য এজেন্ডা প্রেরণ করবে।

২। সচিব সভার উপর্যুক্ত সিদ্ধান্তসমূহের প্রতি আপনার ব্যক্তিগত মনোযোগ আকর্ষণ করছি এবং প্রয়োজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য আপনাকে বিশেষভাবে অনুরোধ জানাচ্ছি।

শুভেচ্ছান্তে,

আন্তরিকভাবে আপনার,


৩৭.১২.১৩
(মোহাম্মদ শফিউল আলম)

জনাব কে, এম, মোজাম্মেল হক
সচিব
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ।